



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



118594

নং-বামাশিবো/প্রশাসন/সাত-১০৬/১৫

তারিখ: ০২ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: মোকাদ্দমা নং ৫৪/২০১৯ এর প্রয়োজনীয় কাগজপত্র জমাদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন খরিয়াটি দাখিল মাদ্রাসার দেওয়ানী মোকাদ্দমা নং ৫৪/২০১৯ এর সর্বশেষ অবস্থা বিজ্ঞ আদালতের সার্টিফাইড কপির মাধ্যমে ও মামলায় বর্ণিত অভিযোগের বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত বক্তব্য আগামী ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১। অভিযোগের দরখাস্ত সংক্রান্ত;

সুপার,
খরিয়াটি দাখিল মাদ্রাসা
খরিয়াটি, আশাশুনি, সাতক্ষীরা;

নং-বামাশিবো/প্রশাসন/সাত-১০৬/১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা;
৪. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

১৮/১০/২০২০

তারিখ: ০২ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

১৮/১০/২০২০

স্বাভাবিক,

চেয়ারম্যান মহোদয়,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা,

২নং অরফ্যানেজ রোড বকসি বাজার, ঢাকা-১২১১।

বিষয়ঃ সিনিয়র সহকারী জজ আদালতে শোকচ ও আদেশ অমান্য করে গোপনীয় ভাবে গত ইং-১৪/০৮/২০১৯
তারিখে সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন খরিয়াটি দাখিল মাদরাসার ইস্যুকৃত কমিটি ভেঙ্গে
দেওয়ার আবেদন প্রসংঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক আবেদন এই যে, আমি মোঃ আব্দুর রব খান, পিতা- জাহান আলী খান, গ্রাম- খরিয়াটি, ডাকঘর- খরিয়াটি, উপজেলা- আশাশুনি, জেলা- সাতক্ষীরা। আমি খরিয়াটি দাখিল মাদ্রাসার একজন অভিভাবক, ভোটার নং-৯৫। আমি খরিয়াটি দাখিল মাদ্রাসায় ম্যানেজিং কমিটির অভিভাবক পদে ইং ২০১৯ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার উদ্দেশ্যে মনোনয়নপত্র দাখিল করি। উক্ত মনোনয়নপত্র প্রিজাইডিং অফিসার অবৈধ ঘোষণা করেন। আমি এই সম্পর্কে অফিসারের কাছে জানতে চাইলে তিনি বলেন, যে সেকশনে প্রতিদ্বন্দ্বিতা করবেন সেই সেকশনের প্রস্তাবকারী ও সমর্থনকারী হতে হবে। কিন্তু চূড়ান্ত ভোটার তালিকায় কোন সেকশন ভাগ করা নাই। তাছাড়া অসংখ্য ত্রুটিপূর্ণ ভোটার তালিকা। যে কারণে আমি উপজেলা নির্বাহী কর্মকর্তা ও প্রিজাইডিং অফিসারের নিকট আমাকে বহাল রাখার জন্য পুনঃ বিবেচনার আবেদন করি। কিন্তু সেখানে কোন প্রতিকার না পাইয়া আমি আদালতের স্মরণাপন্ন হই অর্থাৎ মামলা করি, যাহার মামলা নং- ৫৪/২০১৯। উক্ত মামলা ইং-০৯/০৭/২০১৯ তারিখে দাখিল দিলে ইং- ১০/০৭/২০১৯ তারিখে সহকারী সিনিয়র জজ সাহেব সুনানী করে ১-৪নং বিবাদীর বিরুদ্ধে নির্বাচনের কার্যকারিতা স্থগিত রেখে নোটিশ প্রাপ্তির ২৪ ঘণ্টার মধ্যে কারন দর্শানোর আদেশ প্রদান করেন। এবং ইং- ২২/০৯/২০১৯ তারিখে নিবেদাজ্জা দরখাস্তের চূড়ান্ত সুনানীর দিন ধার্য করেন। অতঃপর সিনিয়র সহকারী জজ আদালত আশাশুনি, সাতক্ষীরা ইং- ১০/০২/২০২০ তারিখের আদেশে আমাকে বৈধ প্রার্থী ঘোষণা করেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় আদালতের শোকচ ও আদেশ উপেক্ষা করে আপনাকে অবহিত না করে ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে সকল কাগজপত্র আপনার দপ্তরে দাখিল করেন। আপনার দপ্তরের বামাশিবো/প্রশা/২২১১৯১১৮৫৯৪১/২০৮৩৬/নথি নং ১১৬ নং স্মারকে ইং ১৪/০৮/২০১৯ তারিখে কমিটি অনুমোদন দেন। এই বিতর্কিত কমিটির দ্বারা অত্যন্ত গোপনীয় ভাবে চারটি পদে ইং- ০৬/০৭/২০২০ তারিখে দৈনিক দৃষ্টিপাত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে নিয়োগ দেওয়ার জন্য পায়তারা চালাচ্ছে। বিশ্বব্যাপী করোনাকালীন সংকটময় মুহূর্তে প্রার্থীদের নিকট হতে লক্ষ লক্ষ টাকা উৎকোচ গ্রহন করে নিয়োগ প্রদানের চেষ্টা চালাচ্ছে।

অতএব, জনাব সমীপে আকুল আবেদন, এই বিতর্কিত কমিটি বাতিল করতঃ নিয়োগ কার্যক্রম বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে মহোদয়ের একান্ত মর্জি হয়।

তারিখ-.....ইং।

সংযুক্তিঃ

- ১। বাদী কর্তৃক দেওয়ানী ৫৪/২০১৯ দাখিলকৃত মামলার আর্জি ফটোকপি।
- ২। সিনিয়র সহকারী জজ আদালত, আশাশুনি, সাতক্ষীরা কর্তৃক শোকচের ইনফরমেশন স্লিপ।
- ৩। ইং ১০/০২/২০২০ তারিখের আদেশের ফটোকপি।
- ৪। পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির ফটোকপি।
- ৫। ম্যানেজিং কমিটির ফটোকপি।

বিনীত নিবেদক

মোঃ আব্দুর রব খাঁ

মোঃ আব্দুর রব খাঁ

মোবাইল ০১৩০২-৫০০৭২৫।